

বৃদ্ধাশ্রম

আশা করি ভালো আছে। এইখানে বেশ আছি। একা নই। সবাই রয়েছে।
বারাপালকের মতো অনেক মানুষ এইখানে খুঁজেছে আশ্রয়। একা নই।
দেবদারু গাছ আছে সকালবেলার। দেখা সাক্ষাৎ আছে। শিশিরের স্পর্শ
আছে। আছে কুশলসংবাদ বিনিময়। ‘কেমন আছেন আজ, প্রয়োজনে
পাশে আছি’, এরকম নিরালম্ব আত্মীয়তা আছে। একা নই। আবাহন
নেই তবে ভাসানের সুর আছে, বিদায়বেলায় স্নান আলো আছে।
শূন্য ভাঁড়ার আছে। বিশ্঵রণ আছে। আত্মকথা আছে।

সামান্য নখের মতো চাঁদ আছে মাথার ওপর।

আশা করি ভালো আছে। এইখানে কথা হয়। ওরা বলে, ‘আপনার
কথাই আলাদা। সচ্ছল সস্তানের রয়েছে গৌরব। ল্যাপটপ আছে। আছে
সেলফোন। রাজবাড়ি। দোরগোড়ে স্যান্ট্রো। আছে। নাতি আছে। সাকুলে
অনেক লোক আপনার নিকটে রয়েছে। শুধু কাছে নেই, এইটুকু।’

আশা করি ভালো আছে। বৌমা ভালো তো? এতদিন পর?

সঙ্গে রায়